যুগান্তর

তারিখ 15 SEP 2017
পৃ. ১৬ কলাম ৫

# নজরুল বিশ্ববিদ্যালয়ে ভর্তির আবেদন ১ অক্টোবর শুরু

**ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি**

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের প্রথমবর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ৪টি ইউনিটে ভর্তি পরীক্ষা আগামী ১৯ নভেম্বর রোববার থেকে ২২ নভেম্বর বুধবার পর্যন্ত অনুষ্ঠিত হবে। আগামী ১ অক্টোবর থেকে ৫ নভেম্বর পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

১৯ নভেম্বর ক ইউনিট, ২০ নভেম্বর খ ইউনিট, ২১ নভেম্বর গ ইউনিট এবং ২২ নভেম্বর ঘ ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক ইউনিটে আবেদন করতে ৬০০ (ছয়শত) টাকা প্রদান করতে হবে। ভর্তি পরীক্ষার অন্যান্য তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jkkniu.edu.bd)-থেকে জানা যাবে।